# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬০২৩

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - আবূ বাকর সিদ্দীক (রাঃ) -এর মর্যাদা ও বৈশিষ্ট্য

## الفصل الاول ( بَاب مَنَاقِب أبي بكر)

---

আরবী

وَعَنْ عَمْرِو بْنِ الْعَاصِ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بَعَثَهُ عَلَى جَيْشِ ذَاتِ السَّلَاسِلِ قَالَ: فَأَتَيْتُهُ فَقُلْتُ: أَيُّ النَّاسِ أَحَبُّ إِلَيْكَ؟ قَالَ: «عَائِشَةُ» . قُلْتُ: مِنَ الرِّجَالِ؟ قَالَ: «أَبُوهَا» . قُلْتُ: ثُمَّ مَنْ؟ قَالَ: «عُمَرُ» . فَعَدَّ رِجَالًا فَسَكَتُّ مَخَافَةَ أَنْ يَجْعَلَنِي فِي آخِرِهِم. مُتَّفق عَلَيْهِ

متفق علیہ ، رواہ البخاری (4358) و مسلم (8 / 2384)، (6177) ۔
(مُتَّفَقٌ عَلَيْهِ)

বাংলা

৬০২৩-[৫] ’আমর ইবনুল আস (রাঃ) হতে বর্ণিত। নবী (সা.) তাঁকে যাতুস সালাসিল-এর সৈন্যবাহিনীর ওপর নেতা নিযুক্ত করে পাঠালেন। আমি ফিরে এসে নবী (সা.) -এর কাছ এসে প্রশ্ন করলাম, মানুষের মধ্যে কে আপনার কাছে সর্বাধিক প্রিয়? তিনি (সা.) বললেন, আয়িশা। আমি বললাম পুরুষদের মধ্য থেকে? তিনি বললেন তাঁর পিতা [আবূ বকর (রাঃ)]। আমি আবার প্রশ্ন করলাম, তারপর কে? তিনি (সা.) বললেন, ’উমার। অতঃপর আমি এভাবে প্রশ্ন করতে থাকলে তিনি (সা.) আরো কয়েকজন লোকের নাম উল্লেখ করলেন। এরপর আমি চুপ হয়ে গেলাম এ আশঙ্কায় যে, সম্ভবত আমার নাম সকলের শেষে পড়ে যাবে। (বুখারী ও মুসলিম)

ফুটনোট

সহীহ: বুখারী ৩৬৬২, ৪৩৫৮ মুসলিম ৮-(২৩৮৪), তিরমিযী ৩৮৮৫, ইবনু মাজাহ ১০১, মা'রিফাতুস সুনান ওয়াল আসার ৪৬২০, মুসান্নাফ আবদুর রাযযাক ২০৩৯৯, মুসনাদে আবদ ইবনু হুমায়দ ২৯৫, মুসনাদে আহমাদ ১৭৮৪৪, আবূ ইয়া'লা ৭৩৪৫, সহীহ ইবনু হিব্বান ৬৮৮৫, আস্ সুনানুল কুবরা লিন্ নাসায়ী ৮১০৬, আল মু'জামুল কাবীর

লিত্ব তবারানী ১৮৬৪৪, আল মু'জামুল আওসাত্ব ৪৮৭, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ১৩৪৮০।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আমর ইবনুল আস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85999

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন